তারিখ 06 APR 2016
পৃষ্ঠা 2 কলাম 6

দৈনিক জনকণ্ঠ

# শিক্ষামন্ত্রীর সঙ্গে বার্নিকাটের সাক্ষাত

স্টাফ রিপোর্টার ॥ বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মার্সিয়া স্টিফেন্স ব্লুম বার্নিকাট মঙ্গলবার শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে সাক্ষাত করেছেন। সচিবালয়ে মন্ত্রীর দফতরে সাক্ষাতকালে তারা দুটি দেশের মধ্যে শিক্ষাসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির বিষয়ে আলোচনা করেন। শিক্ষা খাতে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হবে বলে তাদের আলোচনায় সিদ্ধান্ত হয়।